PG Even Semester (CBCS) Exam., May—2017

বাংলা

(2nd Semester)

পাঠক্রম নং : BNGCC–202

(বাংলা কথাসাহিত্য—১)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। বাংলা সাহিত্যে উপন্যাস শব্দটি কে, কবে প্রথম ব্যবহার করেন? 'আলালের ঘরের দুলাল' এ উপন্যাসের পদধ্বনি শোনা গেলেও তার পূর্ণসিদ্ধি ঘটেনি—পর্যালোচনা করো। ২+১২=১৪

২। 'আলালের ঘরের দুলাল' গ্রন্থটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল? 'আলালের ঘরের দুলাল' ও 'বাংলা ভাষার প্রথম নভেল' কার অভিমত? ''এই গ্রন্থটিতে সমকালীন সমাজ-জীবনের বাস্তবচিত্র পরিবেশিত হলেও নায়কের ব্যক্তিত্ব নিতান্ত অপরিস্ফুট।'' মন্তব্যটির যথার্থতা বিচার করো।

১+১+১২=১৪

খ—গুচ্ছ

৩। 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসটি কোন্ পত্রিকায় এবং কোন্ সালে প্রথম প্রকাশিত হয়? '' 'কৃষ্ণকান্তের উইল' নিবিড় পাঠে ভ্রমরকেই উনিশ শতকের নারীচেতনার প্রতিনিধি বলে মনে হয়।'' মন্তব্যটি বিশদ করো। ২+১২=১৪

৪। 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসের উইলটির সত্তাধিকারী কে? কার নির্দেশে কে এই উইলটি চুরি করেছিল? উপন্যাসের রোহিণী চরিত্রটি যদিও এক অর্থে বিদ্রোহিণী কিন্তু তার এই বিদ্রোহ শুধুমাত্র সামাজিক অনুশাসনের বিরুদ্ধে নয়, হরলাল-জাতীয় পুরুষদের বিরুদ্ধে এবং তার নিয়তির বিরুদ্ধেও—পর্যালোচনা করো। ১+২+১১=১৪

গ—গুচ্ছ

৫। 'লালসালু' উপন্যাসটি প্রথম কবে, কোথা থেকে প্রকাশিত হয়? সৈয়দ ওয়ালীউল্লাহ অপূর্ব দক্ষতায় এই উপন্যাসের ভাষাশৈলী নির্মাণ করেছেন—আলোচনা করো। ২+১২=১৪

৬। পিতৃতন্ত্র বলতে কী বোঝ? নিবিড় পাঠের নিরিখে 'লালসালু' উপন্যাসটির একটি পিতৃতান্ত্রিক প্রতিবেদন প্রস্তুত করো। ৪+১০=১৪

ঘ—গুচ্ছ

৭। প্রভাতকুমার মুখোপাধ্যায় রচিত প্রথম গল্পটির নামোল্লেখ করো। এই লেখকের কোন্ গল্পে মিস ক্যাম্বেল এবং চারুচন্দ্র দত্ত চরিত্র দুটির সন্ধান পাওয়া যায়? প্রভাতকুমার মুখোপাধ্যায়কে 'নিটোল গল্পের প্রসন্ন স্রষ্টা' হিসেবে চিহ্নিত করেছেন কেউ কেউ—এই অভিধা কতটা যুক্তিসঙ্গত, আলোচনা করো।

১+১+১২=১৪

৮। প্রভাতকুমার মুখোপাধ্যায় রচিত প্রথম ও সর্বশেষ গল্পগ্রন্থ দুটির নামোল্লেখ করো। ''প্রভাতকুমারের গল্পে কখনও কৌতুক আবার কখনও বিষাদের ছায়ায় জীবনের অন্তর্লীন যে সত্যরূপ উদ্‌ঘাটিত হয়েছে তা চিরকালের।'' তোমার পঠিত গল্পগুলোর নিরিখে মন্তব্যটি পর্যালোচনা করো। ২+১২=১৪

ঙ—গুচ্ছ

৯। পাঁচুর মা'র নাম কী? পাঁচু নদীর পাড়ে কী ফেলে এসেছিল? ''জগদীশ গুপ্তের 'দিবসের শেষে' গল্পটিতে নিয়তিবাদের নিঃশব্দ পদসঞ্চার লক্ষ্য করা যায়।'' ঘটনা উল্লেখ করে মন্তব্যটি পর্যালোচনা করো। ১+১+১২=১৪

১০। বাংলা সাহিত্যে সার্থক ছোটগল্পের রচয়িতা কে? জগদীশ গুপ্তের 'কলঙ্কিত সম্পর্ক' গল্পটি নারীবাদী দৃষ্টিভঙ্গি থেকে আলোচনা করো। ১+১৩=১৪

★★★